

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(শৃঙ্খলা)

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩১ঃ৩৪২৪(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/

তারিখঃ ১৬.০৬.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব এ.কে. এম, আবুল কাশেম, মুখ্য কর্মকর্তা (পিআরএল ভোগরত) বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, শিবপুর শাখায় উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাৎ/ প্রতারণামূলক অপরাধের জন্য ০৮/১৭-১৮ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া ১৪.০৯.২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩১ঃ৩৪২৪/২০১৬-২০১৭/৯০১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব এ.কে. এম, আবুল কাশেম, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে গুরু দণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে ১৯.০২.২০১৯ খ্রিঃ প্রকাঃ এইচআরএমডিঃ৩১ঃ৩৪২৪(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/২৬১৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব এ.কে.এম, আবুল কাশেম অত্র বিভাগের ১৯.০২.২০১৯ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ১০-০৩-২০১৯ খ্রিঃ তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব এ.কে.এম, আবুল কাশেম, আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাৎ/ প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব এ.কে.এম,আবুল কাশেম আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, শিবপুর শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব এ.কে. এম, আবুল কাশেম (এ-৩২১৩)  
মুখ্য কর্মকর্তা, (পিআরএল ভোগরত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
মুখ্য আঞ্চলিক কার্যালয়,  
নরসিংদী।

স্বাক্ষরিত

(লুৎফুন নাহার নাজ)  
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩১ঃ৩৪২৪(২০১৬-২০১৭)/২০১৮-২০১৯/

তারিখঃ ১৬.০৬.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন)/কেন্দ্রীয় হিসাব বিভাগ/ পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, নরসিংদী। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব এ.কে. এম, আবুল কাশেম এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তরকরতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, শিবপুর শাখা, নরসিংদী।
- ১১। নথি/মহানথি/মূলনথি।

(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক